

কাউখালীতে সহস্রাধিক ছাত্র-ছাত্রী উপবৃত্তির টাকা থেকে বঞ্চিত

কাউখালী (পিরোজপুর) থেকে সংবাদমত। ॥ সরকার প্রাথমিক বিদ্যালয়ের উপবৃত্তির জন্য নতুন নিয়ম চালু করায় এ উপজেলার ১৭টি প্রাথমিক বিদ্যালয়ের ৯০৪ জন ছাত্র-ছাত্রী উপবৃত্তির টাকা থেকে বঞ্চিত হচ্ছে। উপজেলা শিক্ষা অফিস দ্বারা জানা যায়, প্রাথমিক পর্যায়ে উপবৃত্তি প্রদানের পরিপত্র নীতিমালা অনুযায়ী উপবৃত্তি পেতে প্রতিটি বিদ্যালয় থেকে শতকরা ১৫ ভাগ ছাত্র-ছাত্রীর বৃত্তি পরীক্ষার অংশগ্রহণ বাধ্যতামূলক করা হয়। কিন্তু গত ২ যে আনুকূল্য পরিপত্র অনুযায়ী বৃত্তি পরীক্ষার অংশগ্রহণ শতকরা ২০ ভাগ বাধ্যতামূলক করা হয়েছে। এছাড়া আনুকূল্য পরিপত্র সময় উল্লেখ না করায় বিপত্তি দেখা দিয়েছে। অফিস তরফ থেকে শিক্ষা অফিসার বলেছেন, প্রতি বছর যেসব বিদ্যালয় থেকে শতকরা ২০ ভাগ ছাত্র-ছাত্রী বৃত্তি পরীক্ষা দিয়েছে। তাবাই উপবৃত্তি পাবে। অপনর্দিকে বর্তমান আনুকূল্য পরিপত্র অনুযায়ী প্রথম কিস্তির অর্থাৎ গত জানুয়ারী থেকে জুন পর্যন্ত টাকা বিতরণ করলেও এ উপজেলার ১৭টি প্রাথমিক বিদ্যালয় বর্তমান নীতিমালার অন্তর্ভুক্ত না থাকায় ৯০৪ জন ছাত্র-ছাত্রী উপবৃত্তির টাকা থেকে বঞ্চিত হয়েছে।

জানা গেছে, নতুন আনুকূল্য পরিপত্র অক্টোবর মাসে জারি হলে এ ধরনের সমস্যা বরিশাল বিভাগের প্রতিটি উপজেলার প্রাথমিক বিদ্যালয়ে জটিলতার সৃষ্টি হয়েছে। প্রতিটি জেলা থেকে উচ্চ সাক্ষরতার প্রতিবাদ করার বরিশালের উপ-পরিচালক গত ১৯ নভেম্বর প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিবের ব্যবহারে সবশেষ পরিপত্রটি পুনঃবিবেচনার জন্য সুপারিশ করেছেন।